খবর সোজাসুজি

প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, ট্যুইটার এবং ইন্সটাগ্রাম।

Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

# KHABOR SOJASUJI
# খবর সোজাসুজি

RNI NO.WBBEN/2023/87806 (Govt. Of India)

EDITOR - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের ১৫ ও ৩০ তারিখ

প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র

খবর সোজাসুজি

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন ৯৪৩৪৫৬৬৪৯৮

www.khaborsojasuji.com

Vol-3 ● Issue- 18 ● Bardhaman ● 28 February 2026 ● Rs. 2.00 ( Four Pages )

## এক নজরে

● খবর সোজাসুজি'র উদ্যোগে আয়োজিত সাহিত্য চর্চা'র আসরে অংশ গ্রহণ করতে চাইলে আজই নাম লেখান, হোয়াটস অ্যাপ নং ৯৪৩৪৫৬৬৪৯৮

● খবর সোজাসুজি পত্রিকার শারদীয় উৎসব সংখ্যায় লেখা পাঠানোর জন্য হোয়াটস অ্যাপ করুন - ৯৪৩৪৫৬৬৪৯৮

● আপনার এলাকার উন্নয়ন-অনুন্নয়ন সহ যেকোনও খবর আমাদের পাঠাতে পারেন, হোয়াটস অ্যাপ - ৯৪৩৪৫৬৬৪৯৮

● আলুর অভাবী বিক্রি রুখতে আলুর ন্যূনতম সহায়ক মূল্য ৯ টাকা ৫০ পয়সা প্রতি কেজি ঘোষণা করল রাজ্য সরকার।

● রোজার মাস পড়তেই আগুন ফলের দাম। এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী প্রতি বছর রোজার মাস পড়লেই শুরু করে ফলের কালোবাজারি, অভিযোগ।রোজার মাসটা তাদের কাছে যেন কামিয়ে গুছিয়ে নেওয়ার মাস।রোজার মাসে ফলের দাম নিয়ন্ত্রণে অবিলম্বে হস্তক্ষেপ করুক সরকার,বাজারে নামুক টাস্কফোর্স,চাইছেন সকলেই।

● মাঠে মাঠে পারমিশন দেওয়া হচ্ছে যথেচ্ছ ভাবে মিনির।টান পড়ছে ভূগর্ভস্থ জলে।জল উঠছে না টিউবওয়েলে।ফাল্গুনের শুরুতেই যদি এরকম হয়,চৈত্রে তাহলে কি হবে ? বাড়ছে উদ্বেগ।

● দল বিরোধী কাজের জন্য প্রতীক উর রহমানকে দল থেকে বহিস্কার করল সিপিএম।


● চলে গেলেন সাহিত্যিক শংকর। মৃত্যুকালে বয়স হয়েছিল ৯২ বছর।

● উচ্চ মাধ্যমিক চতুর্থ

(এরপর চারের পাতায়)

## মমতা ব্যানার্জি'র আমলে চাষীদের ভিখিরির দশা হয়েছে,বিস্ফোরক অধ্যাপক চন্ডীসাধন কোলে

নিজস্ব প্রতিবেদন - আলু চাষীদের দুঃখ দুর্দশার কথা বলতে গিয়ে বিস্ফোরক মন্তব্য করলেন ধনেখালির ধামাইটিকরের বিশিষ্ট লেখক তথা অবসরপ্রাপ্ত অধ্যাপক চন্ডীসাধন কোলে। সম্প্রতি খবর সোজাসুজি'র সম্পাদক ইসরাইল মল্লিককে দেওয়া একান্ত সাক্ষাৎকারে তিনি বলেন, "মমতা ব্যানার্জি'র আমলে চাষীদের ভিখিরির দশা হয়েছে।সরকারের ভ্রান্ত নীতি এবং অন্যায় জেদ চাষীদের সর্বনাশ করে দিচ্ছে।আমরা যদি চাষ করে চাষের উৎপাদন খরচটাই না তুলতে পারলাম তাহলে কৃষক ভাতা পেয়ে কি হবে ? খয়রাতি সাহায্যে কি হবে ? আমি চাষ করে স্বনির্ভর হবো। আলুকে খোলা বাজারে ছেড়ে দিতে হবে।আলু যদি ভিন রাজ্যে যায় তাহলেই চাষ এবং চাষী বাঁচবে। মমতা বন্দ্যোপাধ্যায়কে আমরা



চেয়েছিলুম,এনেছিলুম সবই ঠিক আছে কিন্তু তিনি চাষীকে একদম মেরে দিয়েছেন। তৃণমূল যে কি হবে সেটা তো জানা ছিল না। ভালো হবে এটা তো জানা ছিল। তিনি যে ওদের জুতোতেই পা গলাবেন এটা তো জানা যায় নি। জঙ্গলের বাঘ সিংহের হাত থেকে বাঁচতে আমরা জলে ঝাঁপ দিয়েছিলাম। সেটা আর কুমির নয়, একদম হাঙরের পেটে।" চাষীদের

(এরপর দুয়ের পাতায়)

## গুড়াপ থানার উদ্যোগে ফিটকপ ম্যারাথন দৌড়

নিজস্ব প্রতিবেদন - উন্নত সেবার লক্ষ্যে সুস্থ শরীর গড়তে হুগলি গ্রামীণ আধিকারিকবৃন্দ।পুলিশ কর্মীদের শারীরিক সক্ষমতা ও মানসিক



জেলা পুলিশের গুড়াপ থানার উদ্যোগে গুড়াপ কংসারীপুর মোড় থেকে আজাদ হিন্দ ধাবা পর্যন্ত রবিবার ২২ ফেব্রুয়ারি সকালে অনুষ্ঠিত হল ফিটকপ ম্যারাথন দৌড়।প্রায় সাড়ে তিন কিলোমিটার দৌড় শেষে আজাদ হিন্দ ধাবা প্রাঙ্গনে বাইক রাইডারদের নিয়ে অনুষ্ঠিত হল ট্রাফিক সচেতনতা শিবির।উপস্থিত ছিলেন হুগলি গ্রামীণ পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার শৈলজা দাস,ডিএসপি ডিএন্ডটি প্রিয়ব্রত বক্সী,ডিএসপি ট্রাফিক জয়ন্ত বাগ,ডিএসপি ক্রাইম অভিজিৎ সিনহা মহাপাত্র,ধনেখালির সিআই রামগোপাল পাল,গুড়াপ থানার ওসি কৌশিক দত্ত,ধনেখালি থানার ওসি গৌরাঙ্গ দে,দাদপুর থানার ওসি হামিদুর রহমান সহ অন্যান্য পুলিশ সচেতনতা বৃদ্ধির লক্ষ্যেই এই বিশেষ দৌড় প্রতিযোগিতার আয়োজন করা হয়।এদিন সকাল ৮টা নাগাদ দুর্গাপুর এক্সপ্রেসওয়ের ধারের কাংসারীপুর মোড় থেকে এই দৌড়ের শুভ সূচনা করেন হুগলি গ্রামীণ পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (রুরাল) শৈলজা দাস।ম্যারাথন দৌড় প্রতিযোগিতায় প্রথম থেকে পঞ্চম স্থানাধিকারী পুলিশ কর্মী ও সিভিক ভলান্টিয়ারদের পুরস্কৃত করা হয়।এদিনের অনুষ্ঠান প্রসঙ্গে হুগলি গ্রামীণ পুলিশের এসপি কামনাশীষ সেন জানান,জনগণকে নিরবচ্ছিন্ন সেবা দেওয়ার জন্য পুলিশ কর্মীদের শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকা একান্ত প্রয়োজন এবং এই ধরনের কর্মসূচি সেই লক্ষ্যে একটি বড় পদক্ষেপ।

## খবর সোজাসুজি'র খবরের জেরে নড়েচড়ে বসল প্রশাসন,আটক প্লাস্টিক বর্জ্য বোঝাই ট্রাক্টর

নিজস্ব প্রতিবেদন - খবর সোজাসুজি'র খবরের জেরে নড়েচড়ে বসল পুলিশ প্রশাসন। রোহিয়া ঘিয়া নদীর পার থেকে প্লাস্টিক বর্জ্য সহ একটি ট্রাক্টর আটক করল গুড়াপ থানার পুলিশ। পুলিশের পক্ষ থেকে ইতোমধ্যেই পরিবেশ দপ্তরকেও খবর দেওয়া হয়েছে বলে জানা গেছে। ঘটনার সঙ্গে জড়িতদের খোঁজে পুরো ঘটনার



তদন্ত শুরু করেছে গুড়াপ থানার পুলিশ।প্রসঙ্গত উল্লেখ্য,গত মঙ্গলবার এবং বৃহস্পতিবার ঘিয়া নদীর পারে প্লাস্টিক বর্জ্য পোড়ানো নিয়ে খবর সোজাসুজি পত্রিকার ফেসবুক পেজে আমরা খবর করেছিলাম। কিন্তু তা সত্ত্বেও চলছিল প্লাস্টিক বর্জ্য পোড়ানোর কাজ। গত শুক্রবার সকালে রোহিয়া ঘিয়া নদীর পারে ট্রাক্টর করে প্লাস্টিক বর্জ্য নিয়ে জড়ো করা হচ্ছিল। সেই ভিডিও আমরা খবর সোজাসুজি ডিজিটাল মিডিয়ায় প্রকাশ করার পরই টনক

(এরপর দুয়ের পাতায়)

## পূর্ব বর্ধমান জেলা প্রশাসনের উদ্যোগে ভাষা দিবস

নিজস্ব সংবাদদাতা - পূর্ব বর্ধমান জেলা প্রশাসনের সহযোগিতায় এবং পূর্ব



বর্ধমান জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় যথাযথ মর্যাদায় বর্ধমানে জেলা সংখ্যালঘু সভাকক্ষে ২১ ফেব্রুয়ারি শনিবার পালিত হল আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা শাসক অমিয় কুমার দাস, জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক রাম শঙ্কর মন্ডল,বিডিএ'র চেয়ারপারসন উজ্জ্বল প্রামাণিক সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।



ধনেখালি ব্লকের গুড়াপ থানার গুড়বাড়ি ১ নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত খানপুর জৌগ্রাম মোড়ে নেই কোনো স্বাস্থ্যসম্মত পাবলিক টয়লেট।রাস্তার পাশেই দুর্গন্ধময় বিশাল আবর্জনার স্তূপ।দীর্ঘদিন ধরে তৈরি হয়ে পড়ে আছে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট,কিন্তু দু'বছর পার হয়ে গেলেও কোনো এক অজানা কারণে এখনও চালুই হয়নি কঠিন বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট।নির্বিকার প্রশাসন। চরম ক্ষুব্ধ এলাকার মানুষজন।

## পথশ্রীর হতশ্রী চেহারা !

নিজস্ব প্রতিবেদন -পথশ্রীর হতশ্রী চেহারা।রাস্তায় পাথর গড়াগড়ি



খাচ্ছে।ভীষণ অসুবিধার সম্মুখীন হচ্ছেন পথ চলতি মানুষজন।জামালপুর ব্লকের বাগপলাশী কালভার্ট থেকে খানজাদাপুর হয়ে নারায়ণপুর বাসস্ট্যান্ড পর্যন্ত রাস্তার বেহাল দশা, জায়গায় জায়গায় রাস্তার পাথর উঠে গড়াগড়ি খাচ্ছে।ভীষণ অসুবিধার সম্মুখীন হচ্ছেন পথ চলতি মানুষজন।যেকোনো সময় ঘটতে পারে বড়সড় দুর্ঘটনা।অবিলম্বে রাস্তাটি সংস্কারের উদ্যোগ গ্রহণ করুক প্রশাসন,চাইছেন এলাকার মানুষজন।

# খবর সোজাসুজি

Volume-3 ● Issue- 18 ● 28 February, 2026

## ভাতা মুখাপেক্ষী বাংলা !

প্রচার চলছে স্বনির্ভর বাংলার,আর তোড়জোড় চলছে পরনির্ভর করার ! বিএ,এম এ পাশ ছেলে মেয়েরা এখন ভাতার ফর্ম জমা দেওয়ার লাইনে দাঁড়িয়ে ।স্বনির্ভর বাংলা শিবিরে যাচ্ছে সব পরনির্ভর হতে,ভাতার ফর্ম জমা দিতে। রাজ্যে নেই নতুন নতুন শিল্প কল-কারখানা,নেই বিভিন্ন সরকারি দপ্তরে হাজার হাজার শূন্য পদে নিয়োগ ।শিক্ষিত বেকার যুবক যুবতীদের হাতে চাকরির জয়েনিং লেটার নয়,তুলে দেওয়া হচ্ছে বেকার ভাতার ফর্ম ।কিন্তু ভাতা দিয়ে কি আসল সমস্যা মিটবে ? ভাতা তো দেওয়া হবে কর্মসংস্থান না হওয়া পর্যন্ত সর্বাধিক পাঁচ বছর পর্যন্ত,কিন্তু পাঁচ বছর পরেও যদি তারা চাকরি না পান,বা তাদের কর্মসংস্থানের কোনো ব্যবস্থা না হয় তাহলে কি হবে ? তখন তাদের চলবে কি করে ? পাঁচ বছর মাসে মাসে দেড় হাজার টাকা করে দিয়ে তাদের কি স্বাবলম্বী করা যাবে ? শিক্ষিত বেকার যুবক যুবতীদের স্থায়ী কর্মসংস্থানের ব্যবস্থা না করে বাংলা কি এভাবে স্বনির্ভর হতে পারবে,উঠছে প্রশ্ন।

## দায় সারা কাজ !

উচ্চ মাধ্যমিকের অঙ্ক পরীক্ষায় ৪০ নম্বরের প্রশ্নের মধ্যে ১০ নম্বর আউট অফ সিলেবাস,ভাবা যায় ! গাঁজা খেয়ে কি প্রশ্ন সেট করেছিলেন ? না কি পুরোটাই ইনটেনশনালি ? এত পান্ডিত্য ফলাবার দরকার কি ছিল ? আপনারা পান্ডিত্য তো অন্য জায়গায় দেখাতে পারতেন, সিলেবাস বহির্ভূত প্রশ্ন করে ছাত্র ছাত্রীদের অপ্রস্তুতে ফেলা কি খুব দরকার ছিল ? বলা হচ্ছে যারা প্রশ্ন অ্যাটেম্পট করবে তাদের ফুল মার্কস দেওয়া হবে। কিন্তু এটাই কি একমাত্র সমাধান ? যারা আনকমন ভেবে প্রশ্ন অ্যাটেম্পট করল না তাদের কি হবে ? সর্বোপরি যারা প্রশ্ন সেট করেছিলেন তাদের শাস্তি হবে না কেন ? তাদের ভুলের জন্যই তো আজ না লিখেই নম্বর ? ৪০ নম্বরের পরীক্ষার মধ্যে ১২ পেলেই পাশ,১০ নম্বর তো আপনারা না লিখেই দিয়ে দেবার ব্যবস্থা করলেন। এটা কি অনিচ্ছাকৃত ভুল না পুরোটাই ইনটেনশনালি ? মডারেটররা কি করছিলেন? তাদেরও কি নজরে পড়ল না বিষয়টি ? প্রশ্নকর্তা এবং মডারেটরদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করা দরকার ।শুধু প্রশ্ন অ্যাটেম্পট করলেই ফুল মার্কস দিয়ে দেওয়া হবে বলে দায় এড়িয়ে যেতে পারে না উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।

## প্রকাশ্যে আসুক কাজের সিডিউল

রাস্তা ঘাট যাই হোক,যেকোনো উন্নয়ন মূলক কাজের প্ল্যান এস্টিমেট সহ সিডিউল কাজ শুরুর আগে প্রকাশ্যে নিয়ে আসা দরকার। জনগণেরও তো জানা দরকার কাজটা কি রকম হওয়ার কথা,আর বাস্তবে কেমন হচ্ছে ।এখন তো যেকোনো উন্নয়ন মূলক কাজের বোর্ড লাগিয়েই খালাস। জনগণ জানতেই পারছে না কাজটা কেমন হবার কথা। পথশ্রী প্রকল্পের রাস্তাই হোক কিংবা পাড়ায় সমাধান প্রকল্পের কাজ হোক,কোনো কিছুরই প্ল্যান এস্টিমেট সহ সিডিউল তো প্রকাশ্য স্থানে টাঙ্গানো হচ্ছে না ।রাস্তার থিকনেস ছ' ইঞ্চি না ৪ ইঞ্চি না ২ ইঞ্চি হবার কথা তা কাজের সিডিউল না দেখলে মানুষ বুঝবে কি করে ? স্বচ্ছতা বজায় রাখতে যেকোনো উন্নয়ন মূলক কাজ শুরু করার আগে অবশ্যই প্রকাশ্য স্থানে কাজের সিডিউল টাঙ্গিয়ে দেওয়া দরকার। এলাকার মানুষেরও তো জানার অধিকার আছে কাজটা কেমন হবে,তাই না ?

## লেখা আহ্বান

পাক্ষিক সংবাদপত্র খবর সোজাসুজি'র শারদীয় উৎসব সংখ্যা ২০২৬ এর জন্য লেখা আহবান করা হচ্ছে ।আগ্রহী ব্যক্তিরা লেখা পাঠাবেন হোয়াটস অ্যাপে ০৯৪৩৪৫ ৬৬৪৯৮ টাইপ করে ৩১ মার্চের মধ্যে ।লেখা বিবেচিত হলে অবশ্যই প্রকাশিত হবে ।সৌজন্য সংখ্যা দেওয়া হবে ইত্তবুক/পিডিএফ আকারে ।লেখা নির্বাচিত হলে সূচিপত্রে জানানো হবে ।নির্বাচিত লেখক সূচি যথাসময়ে খবর সোজাসুজি ফেসবুক পেজে প্রকাশ করা হবে ।ইচ্ছুক ব্যক্তিরা পাঠাতে পারেন ছোট গল্প,কবিতা,রম্য রচনা, অনুগল্প,ভ্রমণ কাহিনী, প্রবন্ধ এবং মুক্ত গদ্য ।লেখার উপরে অবশ্যই ক্যাটাগরি উল্লেখ করবেন। লেখা হতে হবে অবশ্যই মৌলিক ও অপ্রকাশিত ।একজন লেখক/লেখিকা কেবল একটাই লেখা পাঠাবেন ।আর লেখার সঙ্গে নিজের পুরো নাম ঠিকানা সহ ৩০ টি শব্দের মধ্যে জন্মতারিখ এবং জন্মস্থান উল্লেখ করে আপনার নিজের সম্পর্কে অবশ্যই লিখে পাঠাবেন।

লেখা পাঠানোর রূপরেখা ঃ কবিতা -২৪ লাইনের মধ্যে ঃ প্রবন্ধ - ১৫০০ শব্দের মধ্যে ঃ ভ্রমণ কাহিনী - ১৫০০ শব্দের মধ্যে ঃ ছোটগল্প - ১০০০ শব্দের মধ্যে ঃ অণুগল্প - ৩০০ শব্দের মধ্যে ঃ মুক্তগদ্য - ৩০০ শব্দের মধ্যে ঃ রম্য রচনা - ৪০০ শব্দের মধ্যে।

**লেখা পাঠানোর শেষ তারিখ - ৩১ মার্চ, ২০২৬ ঃ সূচিপত্র প্রকাশের সম্ভাব্য তারিখ - ৩১ জুলাই,২০২৬ ঃ লেখা পাঠাবেন - হোয়াটস অ্যাপে টাইপ করে, খবর সোজাসুজি'র অফিসিয়াল হোয়াটস অ্যাপ নম্বরে - ৯৪৩৪৫৬৬৪৯৮**




যুব সাথী প্রকল্পে ফর্ম জমা দেওয়ার জন্য দীর্ঘ লাইন যুবক যুবতীদের ।ধনেখালি বাসস্ট্যান্ডে আয়োজিত স্বনির্ভর বাংলা শিবিরের ছবি।

## ভিড় সামলাতে পথে তৃণমূল ব্লক সভাপতি !




নিজস্ব প্রতিবেদন - যুব সাথী এবং ভূমিহীন ক্ষেতমজুর ভাতার ফর্ম নেওয়া ও জমা দেওয়ার জন্য জামালপুর বিডিও অফিসে সকাল থেকেই দীর্ঘ লাইন বেকার যুবক যুবতী ও ক্ষেতমজুরদের ।সোমবার সকালে বিডিও অফিস ছাপিয়ে লাইন এসে পড়ে রাস্তায়। সৃষ্টি হয় তীব্র যানজট। যানজট নিয়ন্ত্রণে এবং ভিড় সামলাতে পুলিশের পাশাপাশি তদারকি করেন জামালপুর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি মেহেমুদ খাঁন।




পশ্চিমবঙ্গ সরকারের জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের উদ্যোগে হুগলির ধনেখালি ব্লকের কাশীপুর শ্মশান সংলগ্ন এলাকায় চাষীদের সুবিধার্থে নির্মিত হয়েছে সৌর চালিত ক্ষুদ্র নদী সেচ প্রকল্প ।খুশির হাওয়া এলাকার চাষীদের মধ্যে।

(প্রথম পাতার পর)

## খবর সোজাসুজি'র খবরের জেরে নড়েচড়ে বসল প্রশাসন

নড়ে প্রশাসনের ।ঘটনাস্থলে আসেন গুড়াপ থানার ওসি কৌশিক দত্ত ।ওসির উপস্থিতিতেই ঘিয়া নদীর পার থেকে আটক করা হয় প্লাস্টিক বর্জ্য বোঝাই ট্রাক্টর ।এটা নিছক হাইরোডের কোনো এক কারখানার প্লাস্টিক বর্জ্য নিয়ে এসে ঘিয়া নদীর পারে পোড়ানোর ঘটনা নয়,এর সঙ্গে জড়িয়ে রয়েছে মোটা টাকার লেনদেন,অভিযোগ ।ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিদের খোঁজে জোরকদমে তদন্ত শুরু করেছে গুড়াপ থানার পুলিশ।

(প্রথম পাতার পর)

## মমতা ব্যানার্জি'র আমলে চাষীদের ভিখিরির দশা হয়েছে

দুঃখ দুর্দশা নিয়ে দীর্ঘদিন ধরে বিভিন্ন পত্র পত্রিকায় লেখালেখি করছেন চন্ডীসাধনবাবু। হাওড়ার জগৎবল্লভপুর শোভারানী মেমোরিয়াল কলেজে অধ্যাপনা করতেন তিনি। ২০০২ সালে তিনি অবসর গ্রহণ করেন। লেখালেখির পাশাপাশি চাষ ও চাষীদের সমস্যা সমাধানের জন্য তিনি আইনি পথেও হেঁটেছিলেন। চাষীরা যাতে ফসলের ন্যায্য দাম পান সেজন্য তিনি কলকাতা হাইকোর্টে দু'বার জনস্বার্থ মামলা করেছিলেন। চাষ ও চাষীদের সমস্যা তুলে ধরে তিনি কয়েকটি বইও লিখেছেন। তাঁর লেখনীর মধ্যে দেখিয়েছেন সমাধানের পথ। তাঁর লেখা বইগুলির মধ্যে 'এ রাজ্যের চাষীরা শোষিত- -বঞ্চিত-উৎপীড়িত' এবং অর্বাচীনের সমাজ দর্শন' বিশেষ উল্লেখযোগ্য।

# সরকারি উকিল এবং দক্ষ তদন্তকারী পুলিশ অফিসারদের সম্বর্ধনা দিল হুগলি গ্রামীণ জেলা পুলিশ

নিজস্ব প্রতিবেদন - হুগলি গ্রামীণ জেলা পুলিশের পক্ষ থেকে শুক্রবার ২০ ফেব্রুয়ারি সন্ধ্যায় সিঙ্গুরে জেলা পুলিশের সভাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ২২ জন সরকারি উকিল এবং ৩৪ জন দক্ষ তদন্তকারী পুলিশ অফিসারকে সংবর্ধনা দেওয়া হল।এই ৩৪ জন দক্ষ তদন্তকারী অফিসারদের মধ্যে গুড়াপ থানার ওসি কৌশিক দত্তও ছিলেন।২০২৫ সালে হুগলি জেলার চুঁচুড়া সদর,চন্দননগর, শ্রীরামপুর এবং আরামবাগ আদালতে মোট ৩৩ টি মামলায় বিচারপ্রক্রিয়া শেষে অপরাধীদের প্রাণদণ্ড ও যাবজ্জীবন কারাবাসের মতো দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করেছেন বিচারকরা।এটা একটা ঐতিহাসিক রেকর্ড।হুগলি গ্রামীণ পুলিশের ইতিহাসে এক বছরে ৩৩টি কেসে এই পরিমাণ সাজা আগে কখনো ঘটেনি বলে জানা গেছে।ক্রিমিনাল জাস্টিস সিস্টেমে তদন্তকারী অফিসার এবং সরকারি উকিলদের নিখুঁত দক্ষতা এবং পারস্পরিক সমন্বয়ের ফলেই অপরাধীদের বিরুদ্ধে এই



ন্যায়বিচার সুনিশ্চিত করা সম্ভব হয়েছে বলে জেলা পুলিশ সূত্রে জানা গেছে।হুগলি গ্রামীণ জেলা পুলিশ সুপার কামনাশীষ সেনের ঐকান্তিক প্রচেষ্টায়,ট্রায়াল মনিটরিং টিম,থানা ও তদন্তকারী অফিসার,সরকারি উকিল এবং আদালত

সবকটি স্তরের মধ্যে এক অভূতপূর্ব মেলবন্ধন তৈরি হয়েছে,যা অভিযোগকারীদের পুলিশের প্রতি আস্থা ও ভরসা আরও বাড়িয়ে তুলেছে।শুক্রবার সন্ধ্যায় হুগলি গ্রামীণ পুলিশের এসপি কামনাশীষ সেন জেলার মুখ্য সরকারি উকিল শংকর গাঙ্গুলীর উপস্থিতিতে সেই সমস্ত আইনজীবীদের সম্মানিত করেন যারা প্রতিটি মামলায় সরকারের পক্ষে লড়াই করে ন্যায়বিচার ছিনিয়ে এনেছেন।পাশাপাশি,ওই ৩৩টি মামলার সেই সাহসী, দক্ষ তদন্তকারী অফিসারদেরও বিশেষ সম্মান প্রদান করা হয় যাদের নিরলস পরিশ্রমে চার্জশিট থেকে শুরু করে সাক্ষ্যপ্রমাণ সংগ্রহ নিখুঁত হয়েছিল। হুগলি গ্রামীণ জেলা পুলিশ আগামী দিনেও এভাবেই নিরপেক্ষতা ও দায়িত্বের সাথে প্রতিটি মামলার তদন্ত সম্পন্ন করতে বদ্ধপরিকর বলে জেলা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে।

# ধনেখালির স্বনামধন্য নাট্যকার দয়ালহরি ভড়ের উদ্যোগে মহিলা পরিচালিত নাট্য দল

ইসরাইল মল্লিক - নাটকের দলে নেই কোনো ছেলে।পুরুষ চরিত্রে মেয়েরাই করে অভিনয়।পুরোপুরি পুরুষ বর্জিত মহিলা পরিচালিত নাট্য সমাজ,ধনেখালির সোমসপুর মহিলা নাট্য সমাজ।নাটকের দলের সবাই অল্পবয়সী মেয়ে,কেউ সেভেনে পড়ে,কেউ বারো ক্লাসে, কেউ বা কলেজ পড়ুয়া,তো কেউ সদ্য বিএ পাশ করেছে।এদের সবার গুরু হচ্ছেন ধনেখালির সোমসপুরের স্বনামধন্য নাট্যকার দয়ালহরি ভড়।ধনেখালির বিশিষ্ট যাত্রা পালাকার প্রয়াত গৌড় ভড়ের পুত্র দয়ালহরি ভড়।দয়ালহরিবাবুর লেখা নাটকেই অভিনয় করে সোমসপুর মহিলা নাট্য সমাজের এই অল্পবয়সী স্কুল কলেজ পড়ুয়া মেয়েরা।প্রতিবছর দোলযাত্রার পরের দিন দয়ালহরিবাবুর লেখা নাটক মঞ্চস্থ হয় সোমসপুর শ্যামসুন্দরতলায়।এবছর দোলের পরের দিন মঞ্চস্থ হতে চলেছে দয়ালহরি ভড় রচিত নির্দেশিত পৌরাণিক নাটক ‘কুন্তী পুত্র কর্ণ।’ কৃষ্ণের চরিত্রে অভিনয় করছে অষ্টম শ্রেণীর ছাত্রী অনুষ্কা সাহা, নর্তকীর চরিত্রে অভিনয় করছে



নাট্যকার দয়ালহরি ভড় এবং সোমসপুর মহিলা নাট্য সমাজের স্কুল কলেজ পড়ুয়া সদস্যরা

দ্বাদশ শ্রেণীর ছাত্রী অঙ্কিতা রায়, কুন্তীর চরিত্রে অভিনয় করছে সদ্য কলেজ পাশ সুপর্ণা চিত্রকর, দুর্যোধনের চরিত্রে অভিনয় করছে কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্রী অপর্ণা চিত্রকর,কর্ণের চরিত্রে অভিনয় করছে দশম শ্রেণীর ছাত্রী প্রজ্ঞা গুহ, বিষকেতুর চরিত্রে অভিনয় করছে সপ্তম শ্রেণীর ছাত্রী অস্মিতা দাস, সন্ন্যাসীর চরিত্রে অভিনয় করছে দ্বাদশ শ্রেণীর ছাত্রী জিসা ভড় এবং অধিরথ চরিত্রে অভিনয় করছে দ্বাদশ শ্রেণীর ছাত্রী তৃষা মাঝি।আর এই নাটকের জন্যই এখন রোজ বিকেলে দয়ালহরিবাবুর বাড়িতে চলছে জোরকদমে রিহার্সাল।দয়ালহরিবাবুর লেখা প্রথম যাত্রাপালা ‘অনুরাধা।’এছাড়াও ‘প্রথম প্রেম’,’রূপসি শেকলে বাঁধা’, ‘ভালবাসার মৃত্যু’, ‘তুমি কত সুন্দর’, ’বিদ্যার সেতু’,’জয় বাবা তারকনাথ’ তাঁর উল্লেখযোগ্য নাটক।উল্লেখ্য, পঁয়ষট্টি বছর বয়স থেকে দয়ালহরিবাবু যাত্রা এবং নাটক লিখতে শুরু করেন।এখন তাঁর বয়স আটাত্তর।এই আটাত্তর বছর বয়সেও মনের দিক থেকে তিনি চির নবীন।এখনও তিনি লিখে চলেছেন গল্প,নাটক এবং যাত্রাপালা।তাঁর লেখার মূল বিষয় হচ্ছে প্রেম, ভালবাসা।লেখনীর মাধ্যমে মানুষকে আনন্দ দেওয়ায় তাঁর একমাত্র লক্ষ্য।

# স্ত্রীকে আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগে স্বামীর হাজতবাস

নিজস্ব সংবাদদাতা - স্ত্রীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগে স্বামীকে দোষী সাব্যস্ত করে ১০ বছরের সাজা ও আর্থিক জরিমানার নির্দেশ দিল আদালত।গত মঙ্গলবার ১৭ ফেব্রুয়ারি চুঁচুড়া আদালতের বিচারক মামলার যাবতীয় শুনানির শেষে এই রায় দেন।আদালতে সাজা ঘোষণার পরেই ভেঙে পড়েন অভিযুক্ত স্বামী মহম্মদ রাজা।আদালত সূত্রে জানা গেছে, ২০২১ সালের ২৬ ফেব্রুয়ারি নাজরানা খাতুনের সঙ্গে বিয়ে হয় পান্ডুয়ার মহম্মদ রাজার।বিয়ের কয়েক মাস সব ঠিক থাকলেও পরে টাকা ও গয়নার দাবিতে স্ত্রীর ওপর মানসিক ও শারীরিক নির্যাতন করত বলে অভিযোগ।ওই বছরেই ২৭ জুন নাজরানাকে তাঁর শ্বশুরবাড়িতে ঝুলন্ত অবস্থায় উদ্ধার করা হয়।এরপর মৃতার বাবা স্বামী মহম্মদ রাজার বিরুদ্ধে আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগ দায়ের করেন।সরকারি আইনজীবী শঙ্কর গঙ্গোপাধ্যায় বলেন,পুলিশ দারুন কাজ করেছে।আসামী জেলেই ছিল।কাষ্টডি ট্রায়াল হয়েছে। হুগলি গ্রামীণ জেলা পুলিশের এসপি কামনাশিস সেন বলেন,মৃতের পরিবার আইনের মাধ্যমে ন্যায় বিচার পেয়েছে।

## সন্ধান চাই

প্রতাপ সরদার, পিতা - নেপাল সরদার হুগলি জেলার গুড়াপ থানার অন্তর্গত জোলকুল গ্রামের বাসিন্দা,বয়স ৩৫ বছর। গত ৬ অক্টোবর ২০২৫ সন্ধ্যার পর বাড়ি থেকে নিখোঁজ।নিখোঁজ হওয়ার সময় পরনে ছিল কালো রঙের জামা এবং নীল রঙের জিন্স প্যান্ট।উচ্চতা ৫ ফুট ৩ ইঞ্চি,গায়ের রং ফর্সা, চুলের রঙ কালো,দেহের গড়ন মাঝারি।গত ৫ ডিসেম্বর ২০২৫ গুড়াপ থানায় নিখোঁজ ডায়েরি করেছেন প্রতাপের বাবা নেপাল সরদার। অভিযোগের ভিত্তিতে গুড়াপ থানার পক্ষ থেকে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে তদন্ত শুরু করেছে পুলিশ,কেস নং 286/25 dt 05.12.25 u/s 137(2) / 140 (3) BNS কিন্তু এখনও পর্যন্ত নিখোঁজ প্রতাপ সরদারের সন্ধান পাওয়া যায়নি। যদি



কোনো সহৃদয় ব্যক্তি তার খোঁজ পান তাহলে অনুগ্রহ করে গুড়াপ থানার এই কেসের তদন্তকারী অফিসারকে ৯৮৩৬৬৭১৫১৯ মোবাইল নাম্বারে ফোন করে জানাবেন।


Sd/-
ওসি,গুড়াপ থানা
গুড়াপ, হুগলি

# তৃণমূলের প্রার্থী তালিকা নিয়ে চলছে গুঞ্জন

নিজস্ব প্রতিবেদন - সামনেই বিধানসভা নির্বাচন। নির্বাচন ঘোষণার আগেই যেকোনো দিন প্রকাশিত হতে পারে তৃণমূলের প্রার্থী তালিকা। তৃণমূলের প্রার্থী তালিকা নিয়ে শুরু হয়েছে তুমুল চর্চা।হুগলির বলাগড়, চুঁচুড়া,চন্দননগর,উত্তরপাড়া,সপ্তগ্রাম, পান্ডুয়া, সিঙ্গুর সহ একাধিক বিধানসভা এলাকায় আসতে পারে নতুন মুখ।তারকেশ্বরে রামেন্দু সিংহরায় এবং ধনেখালিতে অসীমা পাত্র এবারেও টিকিট পেতে চলেছেন বলে জানা যাচ্ছে। পূর্ব বর্ধমান জেলাতেও অনেক নতুন মুখ আসতে চলেছে বলে ইঙ্গিত মিলেছে।রায়না, জামালপুর সহ একাধিক বিধানসভা এলাকায় তৃণমূলের প্রার্থী পরিবর্তন হতে পারে বলে গুঞ্জন চলছে।কার ভাগ্যে ছিঁড়বে শিকে এ নিয়ে চলছে জোর জল্পনা।

# নল আছে,জল নেই !

নিজস্ব প্রতিবেদন - জলের পাইপ আছে,নল আছে,কিন্তু জল নেই।ধনেখালি ব্লকের খানপুর হারিপাড়া,মুসলিম পাড়া সহ ব্লকের



বিভিন্ন এলাকায় বাড়ি বাড়ি পাইপ পড়েছে প্রায় দু’তিন বছর হয়ে গেল, কিন্তু এখনও জলের দেখা নেই, অভিযোগ। ক্ষোভ বাড়ছে এলাকার মানুষের মধ্যে।ধনেখালি ব্লকের গুড়াবাড়ি ১ নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত খানপুর হারিপাড়ার ছবি।

KHABOR SOJASUJI
RNI.NO.WBBEN/2023/87806



সিপিএম ছেড়ে তৃণমূলে যোগ দিলেন প্রতীক উর রহমান। লাল ঝান্ডা ছেড়ে হাতে তুলে নিলেন জোড়া ফুলের পতাকা। অভিষেক ব্যানার্জির হাত ধরে গত শনিবার তৃণমূলে যোগ দিলেন সিপিএম থেকে সদ্য বহিষ্কৃত প্রতীক উর রহমান।



ধনেখালি বিধানসভা তৃণমূল কংগ্রেসের উদ্যোগে অসীমা পাত্রের নেতৃত্বে গুড়াপ নেদামপুর মোড় থেকে গুড়াপ বাজার হয়ে স্টেশন পর্যন্ত অনুষ্ঠিত হল এসআইআর বিরোধী বিক্ষোভ মিছিল।

## AFFIDAVIT

I,Hasina Khatun Ostagar W/O - Sofikul Islam Ostagar residing at Vill - Babnan Mondalpara ,P.O - Babnan,P.S - Dadpur,Dist - Hooghly,do hereby declare vide affidavit no. 11086 dated 25/11/2025 at the 2nd court of 1st Class Judicial Magistrate at Hooghly(Sadar) as follows -"1.That my correct and original name is Hasina Khatun Ostagar which is recorded in my Aadhaar card being no.603439263691 and Voter Id card being no.GMG1440353."2.That my name is wrongly recorded as Hasina Begum in my LIC POLICY being no.419320010. And my husband's name is wrongly recorded as Sofikul Islam instead of Sofikul Islam Ostagar, Sofikul Islam is as nominee."3.That Hasina Khatun Ostagar W/O Sofikul Islam Ostagar and Hasina Begum W/O Sofikul Islam is same and one identical person i.e.myself

## এক নজরে

(প্রথম পাতার পর)

সেমিস্টারে অঙ্ক পরীক্ষায় সিলেবাসের বাইরে থেকে প্রশ্ন ! অঙ্কে হাত দিলেই পুরো নাম্বার দেওয়ার কথা জানিয়ে দিল সংসদ।

● সরকারি নির্দেশ অনুযায়ী মুসলিম শিক্ষক এবং শিক্ষাকর্মী সহ রাজ্য সরকারি মুসলিম কর্মীদের রোজার মাসে বিকেল সাড়ে তিনটের সময় অফিস ত্যাগ করার অনুমতি দেওয়া যেতে পারে। এছাড়াও শুক্রবার জুম্মার নামাজের জন্য দুপুর সাড়ে বারোটা থেকে দুপুর দুটো পর্যন্ত অফিসে মুসলিম কর্মীরা অনুপস্থিত থাকতে পারে বলে পূর্বতন সরকারি আদেশনামা অনুযায়ী জানা গেছে।

● ভোটের মুখে বড় ভাঙন বিজেপিতে।দল বদল করলেন বিজেপি বিধায়ক।তৃণমূলে যোগ দিলেন কার্শিয়াংয়ের বিজেপি বিধায়ক বিষ্ণুপ্রসাদ শর্মা।

● মাদক বিরোধী অভিযানে বড়সড় সাফল্য পেল পূর্ব মেদিনীপুর জেলা পুলিশ।নষ্ট করা হল বিঘার পর বিঘা বেআইনি পোস্ত চাষ।এই পোস্ত থেকে আফিম তৈরির পরিকল্পনা ছিল বলে অভিযোগ।

● উন্নয়নের পাঁচালি হাতে তারকেশ্বরের মোহান্ত মহারাজের সকাশে তারকেশ্বরের বিধায়ক রামেন্দু সিংহরায়।

● মাঠে এখন আলুর দাম প্রতি কেজি ৫/৬ টাকা,হাটে কিন্তু সেই আলুই বিক্রি হচ্ছে ১৬/১৭ টাকা কেজি,ভাবা যায় !

● "আমরা যদি চাষ করে চাষের উৎপাদন খরচটাই না তুলতে পারলাম তাহলে কৃষক ভাতা পেয়ে কি হবে ? খয়রাতি সাহায্যে কি হবে ?", বিস্ফোরক মন্তব্য করলেন অধ্যাপক চন্ডীসাধন কোলে।

● "মমতা ব্যানার্জির আমলে চাষীদের ভিখিরির দশা হয়েছে। সরকারের ভ্রান্ত নীতি এবং অন্যায় জেদ চাষীদের সর্বনাশ করে দিচ্ছে",বিস্ফোরক মন্তব্য প্রাক্তন অধ্যাপক চন্ডীসাধন কোলের।

● "আলুকে খোলা বাজারে ছেড়ে দিতে হবে। আলু যদি ভিন রাজ্যে যায় তাহলেই চাষ এবং চাষী বাঁচবে",অভিমত ধনেখালির ধামাইটিকরের প্রাক্তন অধ্যাপক তথা লেখক চন্ডীসাধন কোলের।

● প্রয়াত বর্ষীয়ান রাজনীতিবিদ মুকুল রায়।রবিবার গভীর রাতে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। দীর্ঘদিন ধরেই শারীরিক ভাবে অসুস্থ ছিলেন তিনি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭২ বছর। তাঁর মৃত্যুতে রাজনৈতিক মহলে নেমে এসেছে শোকের ছায়া।

● আরএনআই রেজিস্ট্রেশন নম্বর ছাড়া সংবাদপত্র প্রকাশ করা আইনত দণ্ডনীয় অপরাধ,জেল জরিমানা দুটোই হতে পারে।তাই RNI নম্বর ছাড়া কেউ কাগজ বের করবেন না,বিপদে পড়তে পারেন।

● চলচ্চিত্র অভিনেত্রী কোয়েল মল্লিক,গায়ক বাবুল সুপ্রিয়, প্রাক্তন ডিজি রাজীব কুমার এবং আইনজীবী মেনকা গুরুস্বামীকে রাজ্যসভায় প্রার্থী করল তৃণমূল।

## ফিরে পাওয়া

নিজস্ব প্রতিবেদন - হারিয়ে যাওয়া ২৮ টি মোবাইল ফোন এবং অনলাইন প্রতারকদের



ফাঁদে পড়ে খোয়া যাওয়া ২ লক্ষ ৬০ হাজার ৮৫৯ টাকা উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে তুলে দিল ধনেখালি থানার পুলিশ সম্প্রতি হুগলি গ্রামীণ জেলা পুলিশের ধনেখালি থানার উদ্যোগে ফিডার রোডে আয়োজিত ফিরে পাওয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হুগলি গ্রামীন পুলিশের ডিএসপি ডি এন্ড টি প্রিয়ব্রত বক্সী,সিআই ধনেখালি রামগোপাল পাল,ধনেখালি থানার ওসি গৌরাঙ্গ দে,ধনেখালির বিধায়ক অসীমা পাত্র সহ অন্যান্য পুলিশ আধিকারিকবৃন্দ।

This newspaper is published by Israil Mallick from Vill - Mathurapur,P.O - Shiptai,P.S - Jamalpur,Dist - Purba Bardhaman,Pin - 712308,State - West Bengal on behalf of Israil Mallick, edited by Israil Mallick and printed by Mita Dutta at Barsha offset and printing press, Holding no.138/A,5 No. Ichlabad,Palpara, Burdwan,Purba Bardhaman,West Bengal - 713103